



42106 - তাশরকিরে দনিগুলতোতে রোযা রাখার বধিান

প্রশ্ন

আমি প্রতি বৃহস্পতিবার রোযা রাখি। ঘটনাক্রমে ১২ ই যলিহজ্জ বৃহস্পতিবার পড়ছে এবং সন্দেশি আমি রোযা রেখেছি। আমি জুমার দনি শুনছি যে, তাশরকিরে দনিগুলতোতে রোযা রাখা নাজায়যে। বৃহস্পতিবার ছলি তাশরকিরে তৃতীয় দনি। আমি যে, রোযা রেখেছি সে কারণে আমার উপরে কি কনন কিছু বর্তাবে? সত্যকির-ই কি তাশরকিরে দনিগুলতোতে রোযা রাখা নাজায়যে; নাকি শুধু ঈদরে প্রথম দনি আমরা রোযা রাখব না?

প্রিয় উত্তর

আলহামদু ললিলাহ।

দুই ঈদরে দনি রোযা রাখা হারাম। দললি হচ্ছে আবু সাঈদ খুদরি (রাঃ) এর হাদসি; তনি বলনে: “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈদুল ফতির ও ঈদুল আযহার দনি রোযা রাখতে বারণ করছেন”। [সহহি বুখারী (১৯৯২) ও সহহি মুসলমি (৮২৭)]।

আলমেগণ ইজমা করছেন যে, ‘এ দুইদনি রোযা রাখা হারাম’।

আনুরূপভাবে তাশরকিরে দনিগুলতোতে রোযা রাখাও হারাম। তাশরকিরে দনিগুলো হচ্ছে- ঈদুল আযহার পরে তনিদনি (১১, ১২ ও ১৩ই যলিহজ্জ)। যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: “তাশরকিরে দনিগুলো হচ্ছে- পানাহার ও আল্লাহকে স্মরণ করার দনি”। [সহহি মুসলমি (১১৪১)]

উম্মে হানরি আযাদকৃত দাস আবু মুররা থেকে বর্ণিত আছে যে, তনি আব্দুল্লাহ বনি আমরের সাথে তার পতি আমর বনি আসরে কাছে যান। তনি তাদরে দুইজনরে জন্য খাবার পশে করে বলনে: খাও। সে বলল: আমি রোযা রেখেছি। তখন আমর (রাঃ) বললনে: খাও; রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ দনিগুলতোতে আমাদরেকরে রোযা না-রাখার নরিদশে দতিনে এবং রোযা রাখতে নষিধে করতনে। ইমাম মালকে বলনে: এ দনিগুলো হচ্ছে- তাশরকিরে দনি। [সুনানে আবু দাউদ (২৪১৮), আলবানী ‘সহহি আবু দাউদ’ গ্রন্থে হাদসিটকি সহহি আখ্যায়তি করছেন]

তবে যে হাজীসাহবে কেরবানীর পশু সংগ্রহ করতে পারনেনি তার জন্যে এ দনিগুলতোতে রোযা রাখা জায়যে। আযশো (রাঃ) ও ইবনে উমর (রাঃ) থেকে বর্ণিত তাঁরা বলনে: “যে ব্যক্তি হাদরি পশু সংগ্রহ করতে পারে নাই সে ব্যক্তি ছাড়া তাশরকিরে দনিগুলতোতে অন্য কাউকে রোযা রাখার অবকাশ দয়ো হয়নি”। [সহহি বুখারী (১৯৯৮)]



শাইখ উছাইমীন (রহঃ) বলেন: “তামাত্তু ও ক্বরীন হজ্জকারী হাদরি পশু না পলে তার জন্য এই তনিদনি রোযা রাখা জায়যে; যাতে করে রোযা রাখার পূর্বে হজ্জরে মৌসুম শেষে হয়ে না যায়। এ ছাড়া অন্য কোন রোযা এ দনিগুলতে রাখা নাজায়যে। এমনকি কোন ব্যক্তির উপর যদি দুই মাসরে লাগাতর রোযা রাখা ফরয হয়ে থাকে সে ব্যক্তিও ঈদরে দনি এবং ঈদরে পর আরও তনিদনি রোযা রাখবে না। এ দনিগুলোর পর পুনরায় লাগাতর রোযা থাকা শুরু করবে”।[ফাতাওয়া রমাদান, পৃষ্ঠা-৭২৭]

আরও জানতে দেখুন: [21049](#) ও [36950](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই ভাল জানেন।